শেখ হাসিনার উদ্যোগ

# চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি


নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ

E-mail: chapaipbs@gmail.com

web : pbs.chapainawabganj.gov.bd


ISO 9001:2015

স্মারক নং-২৭.১২.৭০৬৬.৫৪৬.০১.০৩৮.২৩. ৩০৭৮ তারিখঃ ২৬ শ্রাবণ, ১৪৩০ বঙ্গাব্দ। ১০ আগষ্ট, ২০২৩ খ্রিঃ।

## **"রেইনকোর্ট ও গামবুট"** সরবরাহের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপনপত্র (RFQ)

কোটেশন নম্বর: (১২/২০২৩-২০২৪), তারিখ: ১০.০৮.২০২৩খ্রিঃ

প্রতি

.............................................................................................................................................

০১। জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পবিস এর অনুকূলে সরকারি তহবিল বরাদ্দ করা হয়েছে এবং তিনি এর একটি অংশ যোগ্য পরিশোধের ক্ষেত্রে প্রয়োগ করতে ইচ্ছুক, যার জন্য এ কোটেশন দলিল জারি করা হয়েছে।

০২। ইচ্ছুক সকল কোটেশনদাতা কর্তৃক পরিদর্শনের জন্য অভিপ্রেত পণ্য এবং সংশ্লিষ্ট সেবার বিস্তারিত বিনির্দেশ, ডিজাইন এবং নকশা দপ্তর চলাকালীন সময়ে সকল কার্যদিবসে ক্রয়কারীর দপ্তরে প্রাপ্তিসাধ্য হবে।

০৩। 'কোটেশন দলিল' ব্যবহার করে কোটেশন প্রস্তুত এবং দাখিল করতে হবে।

০৪। কোটেশন যথাযথভাবে প্রস্তুত পূর্বক ক্ষমতাপ্রাপ্ত স্বাক্ষরকারী কর্তৃক প্রতিটি পৃষ্ঠা স্বাক্ষর করে ৬ অনুচ্ছেদে উল্লেখিত তারিখ ও সময়ে কোটেশন আহ্বানকারীর দপ্তরে দাখিল করতে হবে।

০৫। কোটেশন দাখিল এবং পণ্য সরবরাহে কোনো জামানত যেমন, কোটেশন জামানত এবং কার্য-সম্পাদন জামানতের (যদি চুক্তি সম্পাদিত হয়) প্রয়োজন হবে না।

০৬। সিলমোহরকৃত খাম ১৭.০৮.২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:৩০ ঘটিকার মধ্যে কোটেশন (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃঅঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর সদর দপ্তর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ দাখিল করতে হবে। কোটেশনের খামে **"রেইনকোর্ট ও গামবুট"** সরবরাহের জন্য কোটেশন লিখতে হবে। কোটেশন ১৭.০৮.২০২৩খ্রিঃ তারিখ বেলা ১১:৩৫ ঘটিকায় খোলা হবে। উল্লেখিত সময়ের পরে প্রাপ্ত কোটেশন গ্রহণযোগ্য হবে না।

০৭। "**"রেইনকোর্ট ও গামবুট"** সরবরাহের পর সমিতির নির্ধারিত কমিটি ডিজিএম (কারিগরী), সহকারী প্রকৌশলী (এসওডি), এজিএম (অর্থ), এজিএম (প্রশাসন), এবং এজিএম (ওএন্ডএম) কর্তৃক সন্তোষজনক প্রত্যয়ন সাপেক্ষে মালামাল গ্রহণ করতঃ কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে এবং জামানত হিসাবে প্রাপ্য বিলের ১০% কেটে রাখা হবে যা ০৬ মাস সন্তোষজনক ব্যবহারের পর পরিশোধ করা হবে।

০৮। পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮ এর বিধি ৭১ (৪) অনুসারে ক্রয়কারী কোটেশন আহ্বানের তারিখ হতে দাখিলের জন্য প্রদত্ত সময় অনধিক ১০ (দশ) দিন এর নির্ধারিত সময়সীমা যথাসম্ভব কম বা যুক্তি সংগত করতে পারবেন।

০৯। কোটেশন দাখিলের নির্ধারিত সর্বশেষ তারিখ হতে ন্যূনতম ৬০ (ষাট) দিন পর্যন্ত জন্য সকল কোটেশন বৈধ থাকবে।

১০। দাখিলের সর্বশেষ সময়সীমা উত্তীর্ণের তারিখে প্রাপ্ত কোটেশন প্রকাশ্যে উন্মুক্ত করা হবে না।

১১। যদি চুক্তি সম্পাদন করা হয়,কোটেশনদাতার উদ্ধৃতদর বা মূল্যে মুনাফা ও ওভারহেড এবং সব ধরণের কর, শুল্ক ও আবগাড়ী, ফী, লেভি এবং আইনের অধীনে পরিশোধযোগ্য অন্যান্য চার্জ অন্তর্ভুক্ত থাকবে।

১২। দর টাকায় উদ্ধৃত করতে হবে এবং এ চুক্তির অধীন পরবর্তীতে মুল্য পরিশোধও টাকায় করা হবে। কোটেশন দাতার প্রস্তাবিত মূল্য, যদি গৃহীত হয়,তবে তা চুক্তি কালীন সময়ে স্থির অংকে থাকবে।

১৩। কোটেশন দাতার চুক্তি করার আইনগত সক্ষমতা থাকতে হবে। কোটেশন দাতার যোগ্যতার প্রমাণ স্বরূপ হালনাগাদ বৈধ ট্রেড লাইসেন্স, টিআইএন নম্বর, হালনাগাদ আয়কর প্রত্যয়ন ও ভ্যাট নিবন্ধন নম্বর এর সত্যায়িত অনুলিপি এবং কোনো তফসিলি ব্যাংক থেকে আর্থিক সচ্ছলতার সনদ দাখিল করতে হবে। এগুলো ব্যতীত কোটেশন অগ্রহণযোগ্য বলে বিবেচিত হতে পারে।

১৪। মূল্যায়ন কমিটি কোটেশনের সঙ্গে দাখিলকৃত তথ্য ও দলিল পত্রের ভিত্তিতে কোটেশন মূল্যায়ন করবে। চুক্তি সম্পাদনের জন্য সর্বনিম্ন মূল্যায়িত গ্রহণযোগ্য কোটেশন নির্ধারণের ক্ষেত্রে কমপক্ষে ৩(তিন)টি গ্রহণযোগ্য কোটেশনের প্রয়োজন হবে।

১৫। উদ্ধৃত একক দর এবং মূল্যের মধ্যে অসঙ্গতি থাকলে একক দর প্রাধান্য পাবে। কথায় এবং সংখ্যার মধ্যে অসঙ্গতির ক্ষেত্রে কথায় উদ্ধৃত দর/মূল্য প্রাধান্য পাবে। মূল্যায়ন কমিটি কর্তৃক নির্ণিত গাণিতিক সংশোধন গ্রহণে কোটেশন দাতা বাধ্য থাকবে।

১৬। ক্রয় আদেশ জারীর তারিখ থেকে ০৭ (সাত) দিনের মধ্যে পণ্য এবং সংশ্লিষ্ট সেবা সরবরাহ সম্পন্ন করতে হবে। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠান যথাসময়ে মালামাল সরবরাহে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর ১/১০ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১৭। নির্ধারিত সময়ের মধ্যে মালামাল সরবরাহে ব্যার্থ হলে কার্যাদেশ বাতিল পূর্বক কালো তালিকা ভুক্তি করার অধিকার সমিতি কতৃপক্ষ সংরক্ষণ করে।

১৮। ক্রয়কারী সকল কোটেশন বা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করে।

10.08.23

(প্রকৌ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে)ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়: )(নোটিশ বোর্ডে টানানোর অনুরোধসহ)।**

০১। পরিচালক, পবিস মঃ ও ব্যঃ পঃ (উঃ) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। (বর্ণিত তারিখ ও সময়ে কোটেশন গ্রহণ ও খোলার অনুরোধসহ)
০২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী , রাজশাহী জোন, বাপবিবো, রাজশাহী।
০৩। জেলা প্রশাসক, চাঁপাইনবাবগঞ্জ।
০৪। পুলিশ সুপার, চাঁপাইনবাবগঞ্জ।
০৫। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার---------------------------------------পবিস-১/২/৩/৪।
০৬। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাপবিবো, ঢাকা। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
০৭। উপজেলা নির্বাহী কর্মকর্তা, চাঁপাইনবাবগঞ্জ সদর, চাঁপাইনবাবগঞ্জ।
০৮। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি/সওজ/গণপূর্ত, চাঁপাইনবাবগঞ্জ।
০৯। নির্বাহী প্রকৌশলী, (এস ওডি ),বাপবিবোর্ড, রাজশাহী।
১০। ডিজিএম, সদর-কারিগরী /শিবগঞ্জ/নাচোল/ভোলাহাট জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১১। সহকারী প্রকৌশলী,(এসওডি),বাপবিবোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১২। এজিএম (ওএন্ডএম), মহারাজপুর সাব-জোনাল অফিস, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৩। এজিএম (অর্থ/সঃসেবা/ওএন্ডএম/ ইএন্ডসি), চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৪। এজিএম (আইটি),চাঁপাইনবাবগঞ্জ পবিস। (ওয়েব সাইটে প্রকাশের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)
১৫। মেসার্স ------------------------------------------------------------------------------।
১৬। নোটিশ বোর্ড, চাঁপাইনবাবগঞ্জ পবিস।
১৭। অফিস কপি/মাস্টার কপি।

10.08.23

(প্রকৌ মোঃ ছানোয়ার হোসেন)
জেনারেল ম্যানেজার (চঃদাঃ)

কোটেশন দাখিল পত্র

**[প্রতিষ্ঠানের নির্ধারিত প্যাড ব্যবহার করুন]**

কোটেশন নম্বর: (১২/২০২৩-২০২৪), তারিখ: ১০.০৮.২০২৩খ্রিঃ

প্রতি

**জেনারেল ম্যানেজার, চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি**

আমি/আমরা, নিম্ন স্বাক্ষরকারী, পণ্য ও সংশ্লিষ্ট সেবা সরবরাহের শর্তাবলী অনুসারে "**রেইনকোর্ট ও গামবুট**" জন্য প্রস্তাব করছি।

আমার/আমাদের কোটেশনের মোট মূল্য টাকা ..................................

আমার/আমাদের কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পত্রে (আরএফকিউ) উল্লিখিত সময়সীমা পর্যন্ত বৈধ থাকবে এবং আমি/আমরা এটা মানতে বাধ্য থাকব। বৈধতার মেয়াদ অতিক্রম হওয়ার পূর্বে যে কোনো সময় ইহা গ্রহণ করা যেতে পারে।

আমি/আমরা ঘোষণা করছি যে, আমার/আমাদের আপনার সঙ্গে চুক্তি সম্পাদনের আইনগত সক্ষমতা রয়েছে এবং বাংলাদেশ সরকার কর্তৃক কোনো দুর্নীতি, প্রতারণা, চক্রান্ত বা জবরদস্তিমূলক কর্মকাণ্ডে সম্পৃক্ততার দায়ে অযোগ্য ঘোষিত হইনি। এছাড়াও, আমি/আমরা অনুচ্ছেদ-১৯(বি)-তে উল্লিখিত শর্তের বিষয়ে অবগত রয়েছি এবং কোটেশনে অংশগ্রহনের প্রতিযোগিতা বা সরবরাহ সম্পন্ন করার সময় এ ধরনের কাজে জড়িত না হওয়ার অঙ্গীকার করছি।

আমি/আমরা এই কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) প্রক্রিয়ায় নিজের/নিজেদের নামে অথবা অন্য নামে বা ভিন্ন নামে একটার বেশি কোটেশন দাখিল করিনি। আমি/আমরা অবগত যে আপনাদের জারিকৃত ক্রয়আদেশের মাধ্যমে চুক্তি সম্পাদিত হবে এবং তা মানতে বাধ্য থাকব।

আমি/আমরা [তারিখ লিখুন] তারিখে আপনাদের জারিকৃত কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন (আরএফকিউ) দলিলপত্র পরীক্ষা করেছি এবং এ সম্পর্কে আমাদের কোনো আপত্তি নেই।

আমি/আমরা অবগত যে, আমার/ আমাদের কাছে কোনো দায় ছাড়াই আপনি সকল কোটেশন অথবা ক্রয় কার্যক্রম বাতিল করার অধিকার সংরক্ষণ করেন।

সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর

তারিখ

## পণ্য এবং সংশ্লিষ্ট সেবার মূল্য তফশীল

কোটেশন নম্বর: (১২/২০২৩-২০২৪), তারিখ: ১০.০৮.২০২৩খ্রিঃ

| ক্রঃ নং | আইটেম নম্বর<br>আইটেমের বিবরণ | পরিমাপের একক | পরিমান | একক দর/মূল্য অংকে | একক দর/মূল্য কথায় | মোট মূল্য অংকে | পণ্য সরবরাহের গন্তব্যস্থান |
|---|---|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ |
| ০১ | **রেইন কোর্টঃ**<br>ডাবল পার্ট উন্নতমানের বিদেশী ১০০% ওয়াটার প্রুফ কাপর দ্বারা তৈরী, টুপি,শার্ট,ও প্যান্টসহ (ফুজি/ডার্বিসুপার, কমফোর্ট,ব্রিদবেল,রেড চ্যাম্পিয়ন সমমান ব্রান্ডের হতে হবে) (নমুনা মোতবেক)। | টি | ৮০টি | | | | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর স্টোর, নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ। |
| . | **গামবুটঃ**<br>উন্নতমানের রাবারের চায়না ব্রান্ড। বিভিন্ন সাইজের। (নমুনা মোতবেক)। | জোড়া | ১৫০জোড়া | | | | |
| | সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার মোট **মূল্য**<br>(ভ্যাট ও প্রযোজ্য সবধরনের ট্যাক্স সহ; নিম্নোক্ত ২নং নোট দেখুন) | | | | অংকে | | |
| | | | | | কথায় | | |

| | |
|---|---|
| পণ্য প্রেরণের ঠিকানা | চাঁপাইনবাবগঞ্জ পল্লী বিদ্যুৎ সমিতি এর স্টোর নয়াগোলা, চাঁপাইনবাবগঞ্জ |
| মোট মূল্য টাকায় (কথায়) | [উপরোল্লিখিত তফশীলের ৭ নম্বর কলামে উল্লেখিত সরবরাহকৃত পণ্য ও সংশ্লিষ্ট সেবার জন্য মোট মূল্য লিখুন।] |
| প্রস্তাবিত সরবরাহ | [সপ্তাহ অথবা দিন উল্লেখ করুন] ক্রয় আদেশ জারির তারিখ থেকে |
| প্রদত্ত ওয়ারেন্টি (warranty) | [পণ্য সরবরাহ সম্পন্নের তারিখ থেকে সপ্তাহ অথবা দিন লিখুন; প্রযোজ্য না হলে তারিখ বা দিন উল্লেখ করার প্রয়োজন নেই] |

আমি/আমাদের দ্বারা এই মূল্যর তফশীলের **তফশীলে[-----] টি** সংশোধন যথাযথভাবে অনুস্বাক্ষর **করে করা হয়েছে।** আমার/আমাদের প্রস্তাবদিন/মাস/বছর পর্যন্ত **বৈধ [কোটেশনের বৈধতার তারিখ** লিখুন]

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম | |

# আবশ্যিক পণ্যের কারিগরী বিনির্দেশ

কোটেশন নম্বর: (১২/২০২৩-২০২৪), তারিখ: ১০.০৮.২০২৩খ্রিঃ

| ক্রঃ নং | আইটেমের বিবরণ | পূর্ণাঙ্গ কারিগরী বিনির্দেশ এবং মান | উৎস দেশের নাম | তৈরী এবং মডেল (make and model) |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ০১ | | **রেইন কোর্টঃ** ডাবল পার্ট উন্নতমানের বিদেশী ১০০% ওয়াটার প্রুফ কাপর দ্বারা তৈরী, টুপি,শার্ট,ও প্যান্টসহ (ফুজি/ডার্বিসুপার, কমফোর্ট,ব্রিদবেল,রেড চ্যাম্পিয়ন সমমান ব্রান্ডের হতে হবে) (নমুনা মোতবেক)। | | |
| ০২ | | **গামবুটঃ** উন্নতমানের রাবারের চায়না ব্রান্ড। বিভিন্ন সাইজের। (নমুনা মোতবেক)। | | |

আমি/আমরা ঘোষণা দিচ্ছি যে, আমি/আমরা প্রস্তাবিত পণ্য ও সংশ্লিষ্ট সেবা সম্পূর্ণভাবে উপরোল্লেখিত কারিগরী বিনির্দেশ এবং মান অনুযায়ী সরবরাহ করব।

| | |
|---|---|
| সিলসহ কোটেশনদাতার স্বাক্ষর | তারিখ: |
| কোটেশনদাতার নাম | |

টীকা:

১. কলাম ১, ২ ও ৩ ক্রয়কারী এবং কলাম ৪ ও ৫ কোটেশনদাতা পূরণ করবে।

২. বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী)ক্রয়কারী পূরণ করবে। ক্রয়কারীর প্রয়োজনের বস্তুনিষ্ঠ এবং প্রতিযোগিতামূলক দর প্রদানের জন্য এক সেট সঠিক এবং স্পষ্ট বিনির্দেশ হলো কোটেশনের পূর্বশর্ত। প্রতিযোগিতামূলক কোটেশনের জন্য পণ্যের কারিগরী বিনির্দেশ (পূর্ণাঙ্গ বিবরণী) সর্বাধিক সম্ভাব্য প্রতিযোগিতার লক্ষ্যেপ্রস্তুত করতে হবে এবং একই সঙ্গে ক্রয়তব্য পণ্য ও সংশ্লিষ্ট সেবার কারিগরি দক্ষতা, দ্রব্যাদি এবং কার্য-সম্পাদনের মান সুস্পষ্টভাবে বর্ননা করতে হবে। বিনির্দেশে আবশ্যিক যে, পণ্যে অন্তর্ভুক্ত সমস্ত আইটেম, দ্রব্যাদি এবং আনুষঙ্গিক উপকরণ নতুন, অব্যবহৃত এবং সবচেয়ে সম্প্রতিকতম বা চলতি মডেলের হবে। তার নকশা এবং দ্রব্যাদিতেসব সাম্প্রতিক উৎকর্ষ সন্বেবেশিত হবে।

৩. পণ্য ও সংশ্লিষ্ট সেবাসমূহের কারিগরী বিনির্দেশ (সবিস্তার বিবরণী) ক্রয়কারীর প্রয়োজনীয়তার সঙ্গে সামঞ্জস্যপূর্ণ হবে যা এ দলিলপত্রে সুনির্দিষ্ট ভাবে উল্লেখ করতে হবে । কোটেশনদাতা প্রস্তাবিত পণ্যের তৈরী (make) ও মডেল (যেমনটি প্রযোজ্য) উল্লেখ করবে এবং অবশ্যই তালিকাবদ্ধ পণ্যের যথাযথমূল (প্রাপ্তিসাধ্য না হলে অনুলিপি) মুদ্রিত বিবরন/প্রচারপত্র (brochures) সংযুক্ত করবে।